## Social Management Framework (SMF)

সোস্যাল ম্যানেজমেন্ট ফ্রেমওয়ার্ক (এসএমএফ)

| Executive Summary of Social Management Framework (SMF) | সোস্যাল ম্যানেজমেন্ট ফ্রেমওয়ার্ক (এসএমএফ) এর নির্বাহী সার-সংক্ষেপ |
|---|---|
| Skills development training through technical and vocational education is critical pathway for ensuring meaningful employment for all citizens, particularly for disadvantaged groups. The Government of Bangladesh's Skills and Training Enhancement Project (STEP), supported by the World Bank, is an innovative project working to provide high quality skills development and training. The project development objective of STEP is to improve the quality and relevance of TVET in Bangladesh and to strengthen system capacity and selected training institutions to produce more employable and better skilled trainees for both the domestic and overseas employment markets. | কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সকল নাগরিকের, বিশেষ করে অনগ্রসর গোষ্ঠীর জন্য মর্যাদা সম্পন্ন কর্মসংস্থান নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিশ্ব ব্যাংকের অর্থায়নে বাংলাদেশ সরকার কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP)। একটি অভিনব প্রকল্প যা উচ্চমানের দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে। প্রকল্পটির উদ্দেশ্য হলো বাংলাদেশে কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের গুণগত মান ও প্রাসঙ্গিকতা বৃদ্ধি করা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি কিছু নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ শক্তিশালীকরণের মাধ্যমে দেশ বিদেশের শ্রম বাজারে চাকুরী লাভের উপযোগী অধিকতর দক্ষ শিক্ষার্থী তৈরি করা। |
| The original five-year program was implemented between FY 2010/11-2014/15 (with estimated project cost of US$ 104.71 million). The project originally supported: (i) Component 1: Improving Quality and Relevance of Training; (ii) Component 2: Pilots in TVET ; (iii) Component 3: Institutional Capacity Development; (iv) and Component 4: Project Management, Communications, and Monitoring and Evaluation. The objective of the proposed Additional Financing (AF) is to sustain and deepen the impact of successful interventions under the original project primarily through scaling-up of project activities, and to enhance the ongoing reform agenda at system and service-delivery levels for attaining the next stage of skill development landscape as envisaged by the National Skills Development Policy (NSDP). Based on the lessons learned from the earlier operation and international experiences, this AF entails the following: (i) scale-up of interventions that have successfully contributed to the improvement of service delivery, (ii) minor | ৫ বছর মেয়াদী প্রকল্পটির মূল পরিকল্পনা ২০১০/১১-২০১৪/১৫ অর্থ বছরে বাস্তবায়িত হয়েছে (প্রাক্কলিত প্রকল্প ব্যয় ১০১২.৭১ মিলিয়ন মার্কিন ডলার)। প্রকল্পটি যেসব ক্ষেত্রে বিশেষ ভূমিকা রেখেছে তা হলোঃ (i) কম্পোনেন্ট ১ঃ প্রশিক্ষণের মান ও প্রাসঙ্গিকতা বৃদ্ধি; (ii) কম্পোনেন্ট ২ঃ টিভিইটি (TVET) এর পাইলটিং; (iii)কম্পোনেন্ট ৩ঃ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি; এবং (iv) এবং কম্পোনেন্ট ৪ঃ প্রকল্প ব্যবস্থাপনা ও যোগাযোগ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন। প্রস্তাবিত অতিরিক্ত অর্থায়নের উদ্দেশ্য হলঃ মূল প্রকল্পের বাস্তবায়নের ফলাফলকে দীর্ঘস্থায়ী এবং সুদূর প্রসারী মাত্রা প্রদান করা। জাতীয় দক্ষতা উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে প্রাথমিকভাবে প্রকল্পে বিদ্যমান কার্যক্রমগুলোকে সূদৃঢ় করা, শিক্ষা ব্যবস্থা এবং সেবা প্রদানের ক্ষেত্রে চলমান পূর্ণগঠন কার্যক্রমকে সম্প্রসারিত করা।<br>প্রকল্প বাস্তবায়নে সাম্প্রতিক এবং আন্তর্জাতিক অভিজ্ঞতার আলোকে এই অতিরিক্ত অর্থায়নের লক্ষ্য হবে ঃ ১. সেবা প্রদানের ক্ষেত্রে অর্জিত সাফল্যের আলোকে উক্ত সফল কার্যক্রম সমূহকে গতিশীল করা, ২. প্রকল্প বাস্তবায়নে অধিকতর সাফল্য অর্জনের লক্ষ্যে সাব কম্পোনেন্টগুলোতে সামান্য পরিবর্তন করা, ৩. নতুন নতুন উদ্ভাবনী কার্যক্রম অন্তর্ভূক্ত করা, ৪. ফলাফল কাঠামো (Result Framework) পরিশিলিত করা এবং ৫. বাস্তবায়ন প্রক্রিয়ার আধুনিকায়ন । অতিরিক্ত অর্থায়নে প্রকল্পের মোট বরাদ্ধ US$ 120.8 মিলিয়ন (ব্যাংক- US$100 মিলিয়ন, গ্রহীতা US$20.8 মিলিয়ন)। |

| | |
|---|---|
| modifications in project sub-components to improve the efficiency of implementation; (iii) introduction of additional innovative activities; (iv) fine-tuning of the results framework; and (v) an update of implementation arrangements. The total project cost of Additional Financing is US$120.8 million (Bank financing US$100 million, recipient US$ 20.8 million) | |
| This Social Management Framework (SMF) of the Bangladesh's Skills and Training Enhancement Project (STEP) has been prepared in compliance with the World Bank EA requirements on projects proposed for Bank financing to (i) enhance positive social outcomes; (ii)prevent negative social impacts as a result of either individual institution or their cumulative effects; (iii) prevent or compensate any loss of livelihood; and (iv) ensure compliance with World Bank safeguard policies.The SMF highlights relevant general policies, guidelines, codes of practice and procedures to be taken into consideration for integration of environmental aspects into the project design. | বাংলাদেশের স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP) এর সোস্যাল ম্যানেজমেন্ট ফ্রেমওয়ার্ক (SMF) বিশ্বব্যাংকের EA-এর নিয়ম মোতাবেক তৈরি করা হয়েছে। এর উদ্দেশ্য হলোঃ<br>১. ইতিবাচক সামাজিক ফলাফল বৃদ্ধি,<br>২. প্রতিষ্ঠানসমূহের একক অথবা সামগ্রিক ভাবে নেতিবাচক সামাজিক প্রভাব প্রতিরোধকরন।<br>৩. জীব বৈচিত্রের বিরূপ প্রতিক্রিয়া প্রতিরোধ করা বা ক্ষতি পূরণ দেয়া এবং<br>৪. বিশ্ব ব্যাংকের নিরাপত্তা বিষয়ক নীতিমালার সাথে সামঞ্জস্যতা রক্ষা করা।<br>সোশ্যাল ম্যানেজমেন্ট ফ্রেম ওয়ার্কের সংশ্লিষ্ট সাধারণ নীতিমালা, দিক নির্দেশনা, আচরণ বিধি ও প্রক্রিয়াগুলো প্রকল্প দলিলে বিবেচিত হয়েছে পরিবেশ সংরক্ষণগত বিষয়গুলোকে অন্তর্ভূক্তির জন্য। |
| The project is expected to generate positive social impacts through its efforts to improve access of TVET programs to marginalized communities through better targeting and more inclusive processes. The project will focus on both the supply and demand-side interventions. Specific emphasis will be placed on the needs of female trainees and workers trained for overseas employment, especially their rights and responsibilities, available support systems etc. According to the project financing policy, GoB is required to assess potential social safeguard issues in project preparation and adopt and implement appropriate measures to mitigate them. Because of the design of the project all the activities and the localities are not known, hence, a framework approach is taken through preparation of this SMF. | কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণে কাঙ্খিত জনগোষ্ঠীকে যথাযথভাবে অন্তর্ভূক্ত করার মাধ্যমে প্রকল্পটি ইতিবাচক সামাজিক প্রভাব সৃষ্টি করবে বলে আশা করা যায়। প্রকল্পটি শ্রম বাজারের বর্তমান চাহিদা ও যোগানের উপরে বিশেষ গুরুত্ব দিবে। বিদেশ গমনেচ্ছু নারী প্রশিক্ষণার্থী ও কর্মীদের চাহিদার উপর বিশেষ নজর দেয়া হবে; বিশেষত তাদের অধিকার, দায়িত্ব এবং প্রয়োজনীয় সহায়ক ব্যবস্থাপনার উপর জোর দেয়া হবে। প্রকল্পে অর্থায়নের নীতিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে বাংলাদেশ সরকার সম্ভাব্য সামাজিক সুরক্ষার বিষয়গুলো বিবেচনা ও উদ্ভূত সমস্যা সমাধানের জন্য পদক্ষেপ গ্রহণ করবে। প্রকল্পের পরিধি, কার্যক্রম ও অন্তর্ভূক্ত জনগোষ্ঠীর সুরক্ষার কারণে এই সোশ্যাল ম্যানেজমেন্ট ফ্রেম ওয়ার্ক (SMF) তৈরীতে ফ্রেম ওয়ার্ক অ্যাপ্রোচ গ্রহণ করা হয়েছে। |

| | |
|---|---|
| The SMF has been updated by analyzing the four components of the project and experience of the original project implementation. Social safeguard issues related to the components have been presented in this document. The activities identified under the project are mainly technical assistance in nature and no major infrastructural activities are proposed. It will not require any acquisition of land, construction of any new institution or building or any major physical expansion. The proposed project may finance, among other things, small infrastructure renovation/refurbishing construction. | মূল প্রকল্পের ৪টি কম্পোনেন্ট বিশ্লেষণ করে ও মূল প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতার আলোকে সোশ্যাল ম্যানেজমেন্ট ফ্রেম ওয়ার্ক হালনাগাদ করা হয়েছে। কম্পোনেন্টগুলোর সাথে সংশ্লিষ্ট সামাজিক নিরাপত্তার বিষয়গুলো এই দলিলে তুলে ধরা হয়েছে। এই প্রকল্পের আওতায় চিহ্নিত কার্যক্রমগুলো মূলত কারিগরি সহায়তা সংশ্লিষ্ট এবং উল্লেখযোগ্য অবকাঠামোগত কোন কার্যক্রম এতে অন্তর্ভূক্ত নয়। এই ক্ষেত্রে কোন জমি অধিগ্রহন, নতুন প্রতিষ্ঠান বা ভবন নির্মাণ অথবা কোন উল্লেখযোগ্য কাঠামোগত সম্প্রসারণ ঘটবে না।<br>প্রস্তাবিত প্রকল্পের অন্যান্য কার্যক্রমের মধ্যে খুবই স্বল্প পরিসরে অবকাঠামো মেরামত/সংস্কারের কাজ করা যেতে পারে। |
| These small scale construction activities are not anticipated to cause any major social impacts considering that all will be done with the existing structures in order to provide better facilities. | যৎসামান্য এই নির্মাণ কাজের খুব বেশী সামাজিক প্রভাব পড়বে না। কারণ এ কাজগুলো মূলত বিদ্যমান অবকাঠামোর সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে করা হবে। |
| Guideline for Social screening, including a Small Ethnic Community (SEC) plan as well asgrievance mechanisms across the project components have been developed and incorporated in this document. The purpose of the social screening is to get relevant concerns addressed early on before further design of a project and to ensure that actions to mitigate social risks are budgeted for. The documents also provides M&E guidelines and arrangement for overseeing the social safeguards. | প্রকল্পের কম্পোনেন্টগুলোতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংশ্লিষ্ট পরিকল্পনা ও প্রতিকার মূলক ব্যবস্থা সহ সামাজিক সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা নেওয়া হয়েছে। সামাজিক সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্য হলো কোন প্রকল্পের নতুন কার্যক্রম হাতে নেওয়ার আগে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং এটা নিশ্চিত করা যে, সম্ভাব্য সামাজিক ঝুঁকি নিরোধে প্রয়োজনীয় অর্থ সংস্থান রাখা হয়েছে। দলিলটিতে একই সাথে পারবীক্ষণ ও মূল্যায়ন দিক নির্দেশনা ও সামাজিক নিরাপত্তার বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। |
| This SMF has been developed based on an extensive literature review and stakeholder consultation. Details of the consultations and discussions are provided in the Annex. | পর্যাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ এবং স্টেকহোল্ডারদের সাথে আলোচনাক্রমে এই সোশ্যাল ম্যানেজমেন্ট ফ্রেম ওয়ার্কটি তৈরি করা হয়েছে। পরামর্শ ও আলোচনার বিস্তারিত এনেক্সে উপস্থাপন করা হয়েছে। |
| DTE has been gaining experience with World Bank project through STEP.As executing agency, DTE will continue to be responsible for monitoring and evaluation of activities related to Small Ethnic Communities. DTE, with the help of the training institutes, will collect ethnicity-disaggregated data. DTE will regularly analyse the program output and impact indicators, including by ethnicity. A Gender and SEC specialist may be appointed who would build the capacity of the EA and relevant IA personnel to collect ethnicity-disaggregated Project data and ensure that monitoring and evaluation procedures include | স্টেপ প্রকল্পের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তর, বিশ্ব ব্যাংকের অর্থায়নে প্রকল্প পরিচালনার অভিজ্ঞতা লাভ করেছে। বাস্তবায়নকারী কর্তৃপক্ষ হিসেবে কারিগরি শিক্ষা অধিদপ্তর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংশ্লিষ্ট পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজের দায়-দায়িত্ব বহন করবে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সহায়তায় কারিগরি শিক্ষা অধিদপ্তর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বিস্তারিত তথ্য ও উপাত্ত সংগ্রহ করবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীগুলোর অবস্থানের ভিত্তিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়মিত প্রকল্প কার্যক্রমের ফলাফল এবং প্রভাব বিশ্লেষণ করবে। একজন লিঙ্গ ও SEC বিশেষজ্ঞ নিয়োগ করা যেতে পারে যার দায়িত্ব হবে EA এবং সংশ্লিষ্ট IA এর কার্যকারিতা বৃদ্ধি করা, প্রকল্পের সাথে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তথ্য উপাত্ত সংগ্রহ করা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রমে প্রকল্পের সুবিধাভোগীদের প্রতিক্রিয়া সংশ্লিষ্ট নির্দেশক অন্তর্ভুক্ত হয়েছে কিনা তা নিশ্চিত |

| | |
|---|---|
| indicators for monitoring impact on the Project's beneficiaries. | করা। |
| The original SMF was prepared by DTE with the help of social development consultant. The Ministry of Education will share the SMF with concerned academic institutions, Department of Environment and civil society. The updated SMF has also been disclosed in-country and the World Bank InfoShop. Relevant subproject specific safeguard documents/mitigation plans (SMPs) prepared subsequently will also be disclosed to the public. | মূল সোশ্যাল ম্যানেজমেন্ট ফ্রেম ওয়ার্কটি একজন সামাজিক উন্নয়ন বিশেষজ্ঞের সহায়তায় কারিগরি শিক্ষা অধিদপ্তর তৈরি করেছে। শিক্ষা মন্ত্রণালয় সোশ্যাল ম্যানেজমেন্ট ফ্রেম ওয়ার্কটি সম্বন্ধে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, পরিবেশ বিভাগ এবং সুশীল সমাজকে অবহিত করবেন। হালনাগাদকৃত সোশ্যাল ম্যানেজমেন্ট ফ্রেম ওয়ার্কটি দেশের অভ্যন্তরে এবং বিশ্ব ব্যাংকের ইনফোশপে তুলে ধরা হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট সুনির্দিষ্ট নিরাপত্তা কার্যক্রমের তথ্য-উপাত্ত/প্রতিকার পরিকল্পনা ও তৈরি করে জনগণের মধ্যে প্রচার করা হবে। |